প্রথম আলো

তারিখ ... 19 JUN 2017 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ......

# বেতন দিতে না পারায় স্কুলেই দুই ছাত্রীর বস্ত্রহরণ!

এনডিটিভি ●

বেতন দিতে না পারায় দুই ছাত্রীর স্কুলের পোশাক খুলে অর্ধনগ্ন অবস্থায় বাড়িতে পাঠিয়ে দেওয়া হয়েছে। ভারতের বিহার রাজ্যের রাজধানী পাটনার ১২৫ কিলোমিটার পূর্ব দিকে বেগুসারাই শহরের একটি বেসরকারি স্কুলে গত শুক্রবার এ ঘটনা ঘটে। এ ঘটনায় অভিযুক্ত ওই স্কুলের অধ্যক্ষ ও শিক্ষকসহ তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে।

শিশু দুটির একটি প্রথম শ্রেণি ও অন্যজন নার্সারির ছাত্রী। তাদের ওপর নির্যাতনের ভিডিওচিত্রে দেখা যায়, শিশু দুটি তাদের গ্রামের রাস্তা দিয়ে গুটি গুটি পায়ে হেঁটে বাড়িতে যাচ্ছে। এক গ্রামবাসী এ অবস্থা দেখে তাদের ডেকে নিয়ে পোশাক পরিয়ে দেন।

বাবা চেয়েছিলেন শিশু দুটিকে ভালো স্কুলে পড়াতে। তাই ওই স্কুলে ভর্তি করিয়েছিলেন। স্কুল থেকে কয়েকবার বলা সত্ত্বেও তিনি মেয়েদের স্কুলের পোশাক তৈরি ও বেতনের টাকা দিতে পারছিলেন না। টাকা পরিশোধ করার জন্য তিনি স্কুল কর্তৃপক্ষের কাছে কিছুটা সময় চেয়েছিলেন। কিন্তু তাঁর অনুরোধ কানে তোলেনি কর্তৃপক্ষ। তারা সবার সামনে শিশু দুটির পোশাক খুলে নিয়ে প্রায় অর্ধনগ্ন অবস্থায় স্কুল থেকে বের করে দেয়।

ভারতের বিভিন্ন স্কুলে কয়েক বছর থেকে এভাবে শিশুদের ওপর নির্যাতনের ঘটনা ঘটছে। অপমান সহ্য করতে না পেরে কেউ কেউ আত্মহত্যাও করেছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর